

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভাইল্যান্স/মুখপত্র(৫ম খন্ড)/২০১৯/৩৪৬

তারিখঃ ০৪ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বিএসইসি, বিএএসএম এবং সিএমএসএফ এর যৌথ উদ্যোগে সিলেট জেলাতে ‘বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩’ আয়োজন প্রসঙ্গে।

‘বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি)’, ‘বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস(বিএএসএম)’ এবং ‘ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড(সিএমএসএফ)’ এর যৌথ উদ্যোগে জেলাপর্যায়ে দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে সিলেট জেলাতে আয়োজিত হতে যাচ্ছে ‘বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩’। আগামী ২১ জানুয়ারি, ২০২৩ তারিখ শনিবার সকাল ০৯:৩০ ঘটিকায় সিলেট শহরের এমসি কলেজ রোডে অবস্থিত আমান উল্লাহ কনভেনশন সেন্টারে অনুষ্ঠানটি শুরু হবে।

কনফারেন্সের প্রথম অধিবেশনে স্বাগত বক্তব্য রাখবেন বিএসইসি’র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ। এরপর প্রবন্ধ উপস্থাপন করবেন বিএসইসি’র নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম। প্রথম অধিবেশনের প্রবন্ধ উপস্থাপনার পর বিএসইসি’র নির্বাহী পরিচালক মোঃ সাইফুর রহমানের সঞ্চালনায় একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হবে। প্যানেল আলোচনায় অংশগ্রহণ করবেন বিএএসএম এর মহাপরিচালক ড. তৌফিক আহমেদ চৌধুরী, ডিএসই’র পরিচালক জনাব মোঃ শাকিল রিজভী, সিএসই’র পরিচালক জনাব মোঃ সিদ্দিকুর রহমান এবং বাংলাদেশ মার্কেট ব্যাংকস অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট জনাব মোঃ ছায়েদুর রহমান।

কনফারেন্স অনুষ্ঠানে বিশেষ অতিথি’র বক্তব্য রাখবেন ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড(সিএমএসএফ) এর চেয়ারম্যান ও মাননীয় প্রধানমন্ত্রীর সাবেক মুখ্য সচিব জনাব মোঃ নজিবুর রহমান। এছাড়াও উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরো বক্তব্য রাখবেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, সিলেটের জেলা প্রশাসক জনাব মোঃ মজিবুর রহমান, সিলেটের পুলিশ সুপার জনাব মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন এবং দি সিলেট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি’র সভাপতি জনাব তাহমিন আহমেদ।

‘বিনিয়োগ শিক্ষা কনফারেন্স, সিলেট’ এর প্রধান অতিথি’র বক্তব্য রাখবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমেদ এমপি। কনফারেন্স অনুষ্ঠানের সভাপতি হিসেবে বিএসইসি’র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর বক্তব্যের মধ্য দিয়ে কনফারেন্সের প্রথম অধিবেশন সমাপ্ত হবে।

Reem

Page 1 of 2

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

‘বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩’ এর নারী বিনিয়োগকারীদের বিষয়ক বিশেষায়িত দ্বিতীয় অধিবেশন শুরু হবে দুপুর ০৩:৩০ ঘটিকায়। দ্বিতীয় অধিবেশনে স্বাগত বক্তব্য রাখবেন সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি’র সভাপতি মিজ স্বর্ণলতা রায়। দ্বিতীয় অধিবেশনের প্যানেল আলোচনায় অংশগ্রহণ করবেন বিএসইসি’র কমিশনার ড. রুমানা ইসলাম, ডিএসই’র চেয়ারম্যান জনাব মোঃ ইউনুসুর রহমান, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব ড. নাহিদ হোসেন, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন বিভাগের সহযোগী অধ্যাপক ড. তাসমিনা চৌধুরী তানিয়া এবং ইন্টারন্যাশনাল সিকিউরিটিজ কোম্পানী লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব ফয়েজ হাসান ফেরদৌস। এরপর কনফারেন্সের সমাপনী বক্তব্য রাখবেন বিএসইসি’র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ।

দেশের জনগণকে বিনিয়োগ শিক্ষায় শিক্ষিত করার মাধ্যমে বিনিয়োগকে উৎসাহিত করতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের রয়েছে নানা উদ্যোগ। মূলত সিলেটের স্থানীয় বিনিয়োগকারীদের বিনিয়োগ শিক্ষা সম্পর্কে সম্যক ধারণা প্রদান এবং স্থানীয় উদ্যোক্তাদের পুঁজিবাজার হতে পুঁজি উত্তোলন বিষয়ে বাস্তব ভিত্তিক জ্ঞানার্জনে সহায়তা করবে ‘বিনিয়োগ শিক্ষা কনফারেন্স’। বিনিয়োগ শিক্ষা বিনিয়োগকারীদের পুঁজিবাজার সংশ্লিষ্ট তথ্য বিশ্লেষণ করে সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত নিতে সহায়তা করবে।

উল্লেখ্য, ‘বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩’ অনুষ্ঠানটি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি)-এর অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ সম্প্রচারিত হবে। অনুষ্ঠানটি লাইভ দেখতে কমিশনের অফিসিয়াল ফেসবুক পেইজ (<http://shorturl.at/mMV18>) এর সাথে যুক্ত থাকার অনুরোধ করা যাচ্ছে।

কনফারেন্স অনুষ্ঠানের পাশাপাশি একই স্থানে উক্ত তারিখে (শনিবার) সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত একটি বিনিয়োগ শিক্ষা মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলের সক্রিয় অংশগ্রহণ আশা করা যাচ্ছে।

Muham
18-01-2023
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র